

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪- HCO

তারিখঃ ০৮.১৪২২ বঙ্গাব্দ  
১২.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ জেবুন্নেছা ইসলাম (৪১৯১৭), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়া গত ০২.০৯.২০১৩খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ০৬.০৮.২০১৪খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪-৬০৯নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ০৪.০৫.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪-২৩৬নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৩.১১.২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৩৫.২০১৫-৩৮৯নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৭.১২.২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ জেবুন্নেছা ইসলাম (৪১৯১৭), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়ায় তীর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০২.০৯.২০১৩খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪- HCO (১২)

তারিখঃ ১২.২০১৫খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিভিল সার্জন, ব্রাহ্মনবাড়ীয়া।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বন্দর, নারায়নগঞ্জ।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়া।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ জেবুন্নেছা ইসলাম (৪১৯১৭), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়া (স্থায়ী ঠিকানাঃ- ডাঃ রফিকুল ইসলাম সড়ক, লাকী ফার্মাসী, ২০৭, কাজী পাড়া, মিরপুর, ঢাকা)।

  
(আসমা তাসকিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৫- ৮-১৯

তারিখঃ ১৩.১২.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ রাজিব সরকার (১২৯৭০৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইটনা, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ২২.১২.২০১৫ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তীর অফিস (কক্ষ নং-৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আসমা তাসকিন)

উপ সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

ডাঃ রাজিব সরকার (১২৯৭০৬)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
এবং সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইটনা, কিশোরগঞ্জ।  
(স্থায়ী ঠিকানা- পিতা- রবীন্দ্র নাথ সরকার, কৃষ্ণচূড়া এপার্টমেন্ট,  
ফ্ল্যাটনং-৬(বি), ২৪ বিসি, শহীদ মিনার রোড, কল্যাণপুর, ঢাকা-১২০৭)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৫- ৮-১৯/১ (৬)

তারিখঃ ১৩.১২.২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ডাঃ মোঃ শরিফুল ইসলাম, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইটনা, কিশোরগঞ্জ।
- ৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত সচিব (শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(আসমা তাসকিন)

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২০৬.২০১১-৫৭০

তারিখঃ ১৫.১২.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ সাঈদা খানম (১০৯৭৩৪), সহকারী সার্জন, সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নেত্রকোনা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ২৭.১২.২০১৫ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তীর অফিস (কক্ষ নং-৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(আসমা তাসকিন)  
উপ সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)


ডাঃ সাঈদা খানম (১০৯৭৩৪)  
সহকারী সার্জন  
সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স  
নেত্রকোনা  
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পিপুলিয়া, ডাকঘর-বেলারা, উপজেলা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ)।  
(যোগাযোগ ঠিকানাঃ-২০১, তেজকুনীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২০৬.২০১১- ৫৭০/১ (৭)

তারিখঃ ১৫.১২.২০১৫ খ্রিঃ

অনুদ্বিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ডাঃ মোঃ শরিফুল ইসলাম, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, নেত্রকোনা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (শুংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(আসমা তাসকিন)  
উপ সচিব